## পররাষ্ট্রমন্ত্রী মনট্রোঁতে যুকতরাষ্ট্রের বিদেশসচিবের সংগে বৈঠক করলেন

মনট্রোঁতে অনুষ্ঠিত সিরিয়া বিষয়ে জেনেভা-দুই বৈঠকের ফাঁকে ২২ জানুয়ারি ২০১৪ পররাষ্ট্রমন্ত্রী স্রী সলমন খুরশিদ যুকতরাষ্ট্রের বিদেশসচিব সম্মানীয় মিঃ জন কেরির সংগে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

দুই মন্ত্রী ভারত-যুকতরাষ্ট্রের সম্পর্কের সাম্প্রতিক ঘটনাবলীর পর্যালোচনা করেন। উভয় দেশের মধ্যেকার দ্বিপাক্ষিক সম্পর্ক সর্বাধিক গুরুত্বপূর্ণ বলে দুই মন্ত্রী সহমত হন। ভারত-যুকতরাষ্ট্র এনার্জি বার্তালাপের জন্য যুকতরাষ্ট্রের এনার্জি সচিব মিঃ মনিজ এবং যুকতরাষ্ট্রের খাদ্য ও ভেষজ প্রশাসনের কমিশনার ডঃ মার্গারেট হামবার্গের ভারত সফর সহ পারস্পরিক সম্মতির ভিত্তিতে নির্ণিত তারিখে দ্বিপাক্ষিক সফর বিনিময় দ্রূত বাস্তবায়নের জন্য উভয় মন্ত্রী উন্মুখ হন । ভারত ও যুকতরাষ্ট্রের মধ্যেকার বর্তমান প্রতিরক্ষা সহযোগিতার প্রসঙ্গ বৈঠকে উল্লেখিত হয়।

নিউইয়র্কে এক ভারতীয় কূটনীতিবিদের গ্রেপ্তারের সাম্প্রতিক ঘটনা বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী ও যুকরাষ্ট্রের বিদেশ সচিব উভয় দেশের কূটনীতিবিদদের রক্ষাকবচ ও সুবিধা সংকরান্ত যাবতীয় অমীমাংসিত বিষয়গুলি এক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সমাধান করার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা প্রতিষ্ঠার উপর গুরূত্ব আরোপ করেন। ভারতে অবস্থিত যুকরাষ্ট্রের দূতাবাস দ্বারা ভারতীয় নাগরিককে অবৈধভাবে ভিসা দেওয়ার ঘটনা সম্পর্কে ভারতের উদ্বেগের কথাও পররাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন।

এইসব বিষয়গুলির পরিণতির প্রগতির জন্য উভয়মন্ত্রী নিজেদের মধ্যে যোগাযোগ রেখে চলবেন বলে সহমত হন।

**নয়াদিল্লি**

**২২ জানুয়ারি ২০১৪**